

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ  
(NTRCA)  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা), ৩৭/৩/এ,  
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।  
www.ntrca.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০০.০১০.১৪.০০০১.২০.৯০৯

তারিখ: ৩ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ  
১৮ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: এনটিআরসিএ কর্তৃক গৃহীত ২০১১ সালের ৭ম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় জাল/ভুয়া শিক্ষাগত যোগ্যতার সনদ দাখিল করে সহকারী শিক্ষক (কম্পিউটার) পদের শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র অর্জনের প্রেক্ষিতে শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র বাতিল প্রসঙ্গে।

সূত্র: (ক) তাঁর কার্যালয়ের স্মারক নং ক.উ.বি/কাপ/গাজী/২৫/০৬, তারিখ: ১৯.০১.২০২৫ খ্রি।

(খ) এনটিআরসিএ-এর স্মারক নং ৩৭.০৫.০০০০.০১১.১৭.০০১ (অংশ-১).২৫-৭২, তারিখ: ১৩.০৩.২০২৫ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে প্রধান শিক্ষক, কপালেশ্বর উচ্চ বিদ্যালয়, কাপাসিয়া, গাজীপুর তাঁর ১৯.০১.২০২৫ তারিখের ক.উ.বি/কাপ/গাজী/২৫/০৬ স্মারকে প্রেরিত পত্রে তার প্রতিষ্ঠানে কর্মরত জনাব আছমা আক্তার, সহকারী শিক্ষক (কম্পিউটার) এর কম্পিউটার সনদটি যাচাই করিয়া জাল/ভুয়া পাওয়া যাওয়ায় জনাব আছমা আক্তার এর নিবন্ধন প্রত্যয়নপত্রটি বাতিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেছেন।

০২। প্রধান শিক্ষক, কপালেশ্বর উচ্চ বিদ্যালয়, কাপাসিয়া, গাজীপুর কর্তৃক দাখিলকৃত অভিযোগটি “বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ (সংশোধিত)” এর বিধি ১২ এর উপবিধি ২ অনুযায়ী তদন্তের নিমিত্ত এ কার্যালয়ের ০২ মার্চ ২০২৫ তারিখের ৩৭.০৫.০০০০.০০০.০১০.১৪.০০০১.২০.৩৪২ সংখ্যক স্মারকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিধিমোতাবেক তদন্ত পূর্বক এ কার্যালয়ের ১৩ মার্চ ২০২৫ তারিখের ৩৭.০৫.০০০০.০১১.১৭.০০১ (অংশ-১).২৫-৭২ সংখ্যক স্মারকমূলে তদন্ত প্রতিবেদন জমা দেন। তদন্ত কর্মকর্তা তার প্রতিবেদনে শুনানিতে উপস্থিত সকলের বক্তব্য এবং দলিলাদি যাচাই করে জনাব আছমা আক্তার, সহকারী শিক্ষক (কম্পিউটার), কপালেশ্বর উচ্চ বিদ্যালয়, কাপাসিয়া, গাজীপুর এর কম্পিউটার সনদটি সঠিক বলে প্রতীয়মান হয় মর্মে উল্লেখ করেছেন। তৎপ্রেক্ষিতে জনাব আছমা আক্তার এর শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্রটি বাতিল করার আইনগত সুযোগ নাই।

০৩। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

১৮-০৮-২০২৫

আবদুর রহমান

পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন)

০২-৪১০৩০১২৪

director\_exam@ntrca.gov.bd

প্রধান শিক্ষক

কপালেশ্বর উচ্চ বিদ্যালয়, কাপাসিয়া, গাজীপুর।

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০০.০১০.১৪.০০০১.২০.৯০৯/১(৬)

তারিখ: ৩ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ  
১৮ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সদস্য (যুগ্মসচিব), পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন, এনটিআরসিএ, ঢাকা।

- ২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা: কাপাসিয়া, জেলা: গাজীপুর।
- ৩। জেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিস, গাজীপুর।
- ৪। সহকারী প্রোগ্রামার, এনটিআরসিএ, ঢাকা (পত্রটি এনটিআরসিএ-এর ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ৫। জনাব আছমা আক্তার, সহকারী শিক্ষক (কম্পিউটার), কপালেশ্বর উচ্চ বিদ্যালয়, কাপাসিয়া, গাজীপুর।
- ৬। পি.এ টু চেয়ারম্যান, এনটিআরসিএ, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।



A handwritten signature in black ink, located to the right of the QR code.

১৮-০৮-২০২৫

আবদুর রহমান

পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন)